

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৫০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - আযান

আরবী

وَعَن عبد الله بن زيد بن عبد ربه قَالَ: لَمَّا أَمَر رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالنَّاقُوسِ يُعْمَلُ لِيُضْرَبَ بِهِ لِلنَّاسِ لِجَمْعِ الصَّلَاةِ طَافَ بِي وَأَنَا نَائِمٌ رَجُلٌ يَحْمِلُ نَاقُوسًا فِي يَدِهِ فَقَلْتُ يَا عَبْدَ اللَّهِ أَتَبِيعُ النَّاقُوسَ قَالَ وَمَا تَصْنَعُ بِهِ فَقلت نَدْعُو بِهِ إِلَى الصَّلَاةِ قَالَ أَفَلَا أَذَلُكَ عَلَى مَا هُوَ خَيْرٌ مِنْ ذَلِكَ فَقُلْتُ لَهُ بَلَى قَالَ فَقَالَ تَقُولَ اللَّهُ أَكْبَرُ إِلَى آخِرِهِ وَكَذَا الْإِقَامَةُ فَلَمَّا أَصْبَحْتُ أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرْتُهُ بِمَا رَأَيْتُ وَكَذَا الْإِقَامَةُ فَلَمَّ أَصْبَحْتُ أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرْتُهُ بِمَا رَأَيْتُ فَقَالَ: «إِنَّهَا لَرُونَيَا حَقِّ إِنْ شَاءَ اللَّهُ فَقُمْ مَعَ بِلَالٍ فَأَلْقِ عَلَيْهِ مَا رَأَيْتَ فَلْيُؤَدِّنُ بِهِ فَإِنَّهُ فَقَالَ: «إِنَّهَا لَرُونَيَا حَقِّ إِنْ شَاءَ اللَّهُ فَقُمْ مَعَ بِلَالٍ فَأَلْقِ عَلَيْهِ مَا رَأَيْتَ فَلْيُونَدِنُ بِهِ فَإِنَّهُ بَمَا رَأَيْتُ فَقُمْ مَعَ بِلَالٍ فَأَلْقِ عَلَيْهِ وَيُؤَدِّنُ بِهِ قَالَ فَسَمِعَ بِذَلِكَ عُمَرُ أَنْدَى صَوْتًا مِنْكَ » فَقُرْمَ مَعَ بِلَال فَجعلت أَلقيه عَلَيْهِ وَيُؤَدِّنُ بِهِ قَالَ فَسَمِعَ بِذَلِكَ عُمَرُ بَنُ الْخَطَّابِ وَهُو فِي بَيْتِهِ فَخَرَجَ يَجُرُّ رِدَاءَهُ وَيَقُولُ وَالَّذِي بَعَتَكَ بِالْحَقِ لَقَدْ رَأَيْتُ مَ مِثَلَى اللَّهُ عَلَيْهِ وَسُلَّمَ: «فَقُلْ لَوْلَهُ الْمَامِلُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: هَوَلَ وَالدَّارِمِيُّ وَلَكُ اللَّهُ لَمْ يَذُكُر الْإِقَامَةَ. وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ صَحَيْحٌ لَكِنَّهُ لَمْ يُصَرَح

বাংলা

৬৫০-[১০] 'আবদুল্লাহ ইবনু যায়দ ইবনু 'আবদ রব্বিহী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সালাতের জন্য একত্রিত হওয়ার জন্য ঘণ্টা বাজানোর নির্দেশ দিলেন। (সেদিন) আমি স্বপ্নে দেখলামঃ এক লোক একটি ঘণ্টা নিয়ে যাচ্ছে। আমি তাকে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর বান্দা! তুমি কি এ ঘণ্টাটা বিক্রি করবে? সে বললো, তুমি এ ঘণ্টা দিয়ে কী করবে? আমি বললাম, আমরা এ ঘণ্টা বাজিয়ে মানুষকে সালাতের জামা'আতে ডাকবো। সে ব্যক্তি বললো, আমি কি তোমাকে এর চেয়ে উত্তম পন্থা বলে দিবো না? আমি বললাম, হাঁ অবশ্যই। সে বলল, তুমি বলো, 'আল্লা-ছ আকবার' আযানের শেষ বাক্য পর্যন্ত আমাকে বলে শুনালো। এভাবে ইকামাত(ইকামত/একামত)ও বলে দিলো। ভোরে উঠে আমি রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট স্বপ্নে যা দেখলাম সব তাঁকে তা বললাম। তিনি বললেন, ইন-শা-আল্লাহ এ স্বপ্ন সত্য। এখন তুমি স্বপ্নে যা দেখেছ বিলালের সাথে দাঁড়িয়ে তাকে বলতে থাকো। আর সে আযান দিতে থাকুক। কারণ তার কণ্ঠস্বর তোমার



চেয়ে জোরালো। অতএব আমি বিলালের সাথে দাঁড়িয়ে গিয়ে তাকে বলতে লাগলাম। আর তিনি আযান দিতে থাকলেন।

বর্ণনাকারী বলেন, 'উমার (রাঃ) নিজ বাড়ী থেকে আযানের শব্দ শুনে তাড়াতাড়ি নিজ চাদর টানতে টানতে বেরিয়ে এসে (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে) বলতে লাগলেন, হে আল্লাহর রসূল! সেই সন্তার শপথ, যিনি আপনাকে সত্যসহ পাঠিয়েছেন, আমিও একই স্বপ্ন দেখেছি। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আলহামদু লিল্লা-হ, অর্থাৎ- আল্লাহর জন্যই সমস্ত প্রশংসা। (আবূ দাউদ, দারিমী ও ইবনু মাজাহ্)[1]

কিন্তু ইবনু মাজাহ ইক্নামাত(ইকামত/একামত)ের কথা উল্লেখ করেননি। ইমাম তিরমিয়ী বলেছেন, হাদীস সহীহ। তবে তিনি ঘণ্টার কথা উল্লেখ করেননি।

ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাউদ ৪৯৯, দারিমী ১১৮৭, তিরমিযী ১৮৯, ইবনু মাজাহ্ ৭০৬, ইরওয়া ২৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস বাহ্যত হানাফী মাযহাবের মত অনুযায়ী ইক্কামাত ও আযানের মতো প্রতি বাক্য দু'বার দু'বার করে বলার পক্ষে প্রমাণ বহন করে বলে মুল্লা 'আলী কারী হানাফী দাবী করেছেন। তবে এর উত্তরে লেখক বলেন, এ হাদীস হানাফীদের মতকে শক্তিশালী করে না বরং তাদের বিরোধিতা করে এবং তাদের মতকে প্রত্যাখ্যান করে। কারণ এ হাদীসে আবৃ দাউদ-এর বর্ণনায় আযানের পরের ঘটনা এ রকম যে, 'আবদুল্লাহ ইবনু যায়দ (রাঃ) বলেন, তিনি (আমাকে আযান শিক্ষা দেয়ার পর) বললেন, অতঃপর তুমি সালাতের ইক্কামাত দিবে তখন বলবে, ''আল্লা-হু আকবার, আল্লা-হু আকবার, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লা-হ, কদ ক্ব-মাতিস্ সলা-হ, কালানহ, আল্লা-হু আকবার, আল্লা-হু হাইয়া 'আলাল ফালা-হ, কদ ক্ব-মাতিস্ সলা-হু, কদ ক্ব-মাতিস্ সলা-হু, আল্লা-হু আকবার, আল্লা-হু আকবার, লা- ইলা-হা ইল্লাল্লা-হ''। এ হাদীস তিরমিয়ী ও দারিমীতেও সামান্য পরিবর্তন সহ বর্ণিত হয়েছে। বাযলুল মাজহুদ গ্রন্থকার এ প্রসঙ্গে আলোচনা করে শেষে বলেন, এ হাদীসসমূহ প্রমাণ করে যে, ইক্কামাতের বাক্যসমূহ একবার একবার। শুধু ক্বদ ক্ব-মাতিস্ সলা-হ্ বাক্যটি দু'বার।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন